

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৯৯

আগরতলা, ২০ জানুয়ারি, ২০২৫

পূর্বাশা আরবান হাট কমপ্লেক্সে পূর্বোত্তর আদি বাজারের উদ্বোধন
উত্তর পূর্বাঞ্চলের কারুশিল্পের বিকাশে পূর্বোত্তর
আদি বাজার গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে : মুখ্যমন্ত্রী



পূর্বোত্তর আদি বাজার ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের কারুশিল্পীদের কৃষ্টি, সংস্কৃতি ও শিল্প প্রতিভাগুলি তুলে ধরার একটি সহায়ক মঞ্চ। উত্তর পূর্বাঞ্চলের কারুশিল্পের বিকাশে পূর্বোত্তর আদি বাজার গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। আজ আগরতলার পূর্বাশা আরবান হাট কমপ্লেক্সে পূর্বোত্তর আদি বাজারের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রকের অধীনস্থ সংস্থা ট্রাইফেড এবং ত্রিপুরা মার্কেটফেডের যৌথ উদ্যোগে আয়োজিত পূর্বোত্তর আদি বাজার আগামী ২৭ জানুয়ারি পর্যন্ত চলবে। এই আদি বাজারে ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির আদিবাসীদের উৎপাদিত বিভিন্ন পণ্যসামগ্রীর ৩২টি স্টল রয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, রাজ্যের জনজাতিদের সার্বিক উন্নয়নে রাজ্য সরকার নিরন্তর কাজ করে চলেছে। বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় জনজাতিদের সার্বিক উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্যের ঐতিহ্যবাহী রিসা, পাছড়া, মাতাবাড়ির পেরা ইতিমধ্যেই জিআই ট্যাগ পেয়েছে। বর্তমান সরকারের সময়কালে রাজ্যে মহিলা পরিচালিত স্বসহায়ক দলের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর অ্যাক্ট ইন্সট পলিসি কার্যকর করার ফলে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির অর্থনৈতিক সহ সামগ্রিক উন্নয়নে এক নতুন মাত্রা সংযোজিত হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কারুশিল্পীদের উৎপাদিত পণ্যগুলির প্রচার ও প্রসারের উপর গুরুত্ব আরোপ করেন। পাশাপাশি তাদের উৎপাদিত পণ্যগুলির মোড়ক আকর্ষণীয় করে তোলার কথাও তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, রাজ্যের ইতিহাসে এ ধরনের অনুষ্ঠান আয়োজন অত্যন্ত গর্বের। পূর্বোক্তর আদি বাজারে জনজাতিরা তাদের উৎপাদিত পণ্যসামগ্রী বিক্রির মাধ্যমে যেমন উপকৃত হবেন তেমনি আর্থিকভাবেও তারা শক্তিশালী হবেন। মুখ্যমন্ত্রীর নেতৃত্বে রাজ্য সরকার প্রত্যন্ত জনপদে বসবাসকারীদের কাছে সরকারি সুবিধাগুলি পৌঁছানোর লক্ষ্যে কাজ করে চলেছে। এছাড়াও বক্তব্য রাখেন ট্রাইফেডের চেয়ারম্যান তথা প্রাক্তন সাংসদ রামসিন রাঠোয়া। অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, সমবায় দপ্তরের সচিব তাপস রায়, সমবায় সমিতির নিয়ামক দশরথ দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা মার্কফেডের চেয়ারম্যান অভিজিৎ দেব। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন উক্তর পূর্বাঞ্চলের ট্রাইফেডের রিজিওনাল ম্যানেজার পামথিং কেইশিং। উদ্বোধনী অনুষ্ঠান পর্ব শেষে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ অনুষ্ঠান স্থলে প্রদর্শিত বিভিন্ন স্টলগুলি পরিদর্শন করেন।
